তারিখ ...2৫ ...1991 ... ...
পৃষ্ঠা ..৮.. ... ...কলাম...৪.. ...

25 AUG 1991 দৈনিক ইত্তেফাক

109

# কুমিল্লা বোর্ড এসএসসি গণিত পরীক্ষায় ৭ শতাধিক বহিষ্কার

কুমিল্লা বোর্ডের এস এস সি গণিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল (শনিবার) ব্রাহ্মণবাড়িয়ার ৩টি কেন্দ্র হইতে ১২জন, লক্ষ্মীপুর জেলার ৩টি কেন্দ্র

(২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## কুমিল্লা বোর্ড

(শেষ পৃঃ পর)

হইতে ৩৫ জন, বেগমগঞ্জ-১ কেন্দ্র হইতে ২৬ জন, বেগমগঞ্জ-২ কেন্দ্র হইতে ১৬ জন, কুমিল্লা জেলার ১৪টি কেন্দ্রের মধ্যে ১১টি কেন্দ্র হইতে ৩৭৬ জন এবং ফেনী জেলার ৬টি কেন্দ্র হইতে ৯৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। কুমিল্লা শিক্ষা বোর্ডের কন্ট্রোলারের সহিত টেলিফোনে যোগাযোগ করিলে তিনি জানান, কক্সবাজারে ১১২ জন, বান্দরবানে ৯ জন, নোয়াখালীতে ৭ জন, চাঁদপুরে ১৪ জন, মৌলবীবাজারে ৫ জন, হবিগঞ্জে ১০ জন এবং সুনামগঞ্জে ১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। রামগঞ্জ কেন্দ্র হইতে একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়। বেগমগঞ্জ-১ কেন্দ্র হইতে একজন ভুয়া শিক্ষককে গ্রেফতার করা হয়। এ খবর আমাদের সংবাদদাতাদের।